MARKING SCHEME
Strictly Confidential
(For Internal and Restricted use only)
SECONDARY SCHOOL EXAMINATION, 2026
SUBJECT NAME: BENGALI SUBJECT CODE: 005
QUESTION PAPER CODE: 07

General Instructions:

।। উত্তরপত্র মূল্যায়ন-সংক্রান্ত বিশেষ নির্দেশাবলি ।।

1	**You are aware that evaluation is the most important process in the actual and correct assessment of the candidates. A small mistake in evaluation may lead to serious problems which may affect the future of the candidates, education system and teaching profession. To avoid mistakes, it is requested that before starting evaluation, you must read and understand the spot evaluation guidelines carefully.** আপনারা অবগত আছেন যে মূল্যায়ন হল প্রকৃত ও সঠিক মাননির্ণয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং সঠিক পদ্ধতি। পরীক্ষার্থীর মূল্যায়নের ক্ষেত্রে কোনো সামান্য ত্রুটি গুরুতর সমস্যার সৃষ্টি করতে পারে যা পরীক্ষার্থীদের ভবিষ্যৎ, শিক্ষাব্যবস্থা এবং শিক্ষকতাকে প্রভাবিত করতে পারে। মূল্যায়ন শুরু করার আগে প্রত্যেককে অতি অবশ্যই **spot checking** সংক্রান্ত নির্দেশিকাগুলি মনোযোগ সহকারে পড়তে এবং বুঝতে অনুরোধ করা হচ্ছে।
2	**"Evaluation policy is a confidential policy as it is related to the confidentiality of the examinations conducted, Evaluation done and several other aspects. Its' leakage to public in any manner could lead to derailment of the examination system and affect the life and future of millions of candidates. Sharing this policy/document to anyone, publishing in any magazine and printing in News Paper/Website etc may invite action under various rules of the Board and IPC."** মূল্যায়ন পদ্ধতি সংক্রান্ত নীতিটি একান্ত গোপনীয় কারণ এটি পরীক্ষা পদ্ধতির গোপনীয়তা, মূল্যায়ন এবং আরো অন্যান্য বিষয়ের সঙ্গে সম্পর্কযুক্ত। যেকোনো প্রকারে জনসাধারণের কাছে প্রশ্নপত্র প্রকাশিত হয়ে পড়লে তা পরীক্ষা ব্যবস্থাকে অসফল করবে এবং লক্ষ লক্ষ পরীক্ষার্থীর জীবন ও ভবিষ্যৎ এতে প্রভাবিত হবে। নীতিটি যেকোনো পত্রিকায় বা সংবাদপত্রে বা ওয়েবসাইটে প্রকাশিত হলে বোর্ড এবং IPC-এর অধীনে বিবিধ পদক্ষেপ গ্রহণ করা হতে পারে।
3	**Evaluation is to be done as per instructions provided in the Marking Scheme. It should not be done according to one's own interpretation or any other consideration. Marking Scheme should be strictly adhered to and religiously followed. However, while evaluating, answers which are based on latest information or knowledge and/or are**

	innovative, they may be assessed for their correctness otherwise and due marks be awarded to them. In class-X, while evaluating two competency-based questions, please try to understand given answer and even if reply is not from marking scheme but correct competency is enumerated by the candidate, due marks should be awarded. মূল্যায়ন প্রকল্পে **(Marking scheme)** প্রদত্ত নির্দেশাবলী অনুসরণে মূল্যায়ন বাঞ্ছনীয়। এটি কারোর নিজস্ব বিচার-বিশ্লেষণ দ্বারা চালিত হওয়া উচিত না। মূল্যায়ন প্রকল্প কঠোর এবং নিয়মনিষ্ঠভাবে অনুসরণ করতে হবে। তবে সাম্প্রতিক তথ্য, জ্ঞান বা উদ্ভাবনী ক্ষমতার উপর ভিত্তি করে পরিবেশিত উত্তরগুলি তার যাথার্থ্য অনুসারে মূল্যায়িত হবে এবং এক্ষেত্রে তাতে উপযুক্ত নম্বর দেওয়া হবে। দশম শ্রেণিতে দু'টি দক্ষতাভিত্তিক প্রশ্নের উত্তর মূল্যায়ন করার সময় অনুগ্রহ করে প্রদত্ত উত্তরটি বোঝার চেষ্টা করুন এবং উত্তরটি যদি মূল্যায়ন প্রকল্প অনুসারী নাও হয় তার যাথার্থ্য অনুসারে সেটির উপযুক্ত মূল্যায়ন করতে হবে।
4	**The Marking scheme carries only suggested value points for the answers. These are in the nature of Guidelines only and do not constitute the complete answer. The students can have their own expression and if the expression is correct, the due marks should be awarded accordingly.** উপস্থিত মূল্যায়ন প্রকল্পে **(Marking scheme)** উত্তরসমূহের মানবিন্দুগুলিই প্রস্তাবিত হয়েছে মাত্র। এই **value point** গুলিকে পূর্ণাঙ্গ উত্তর হিসাবে নয়—প্রত্যাশিত উত্তরের দিগ্‌দিশারী **(Guidelines)** হিসাবেই গণ্য করতে হবে। পরীক্ষার্থী নিজের ভাষায় অর্থাৎ নিজের মতো করে উত্তর লিখতে পারে এবং সেই উত্তর নিতান্ত ভুল না হলে তাতে যথোচিত নম্বর দিতে হবে।
5	**The Head-Examiner must go through the first five answer books evaluated by each evaluator on the first day, to ensure that evaluation has been carried out as per the instructions given in the Marking Scheme. If there is any variation, the same should be zero after delibration and discussion. The remaining answer books meant for evaluation shall be given only after ensuring that there is no significant variation in the marking of individual evaluators.** মূল্যায়ন প্রকল্পে প্রদত্ত নির্দেশাবলী অনুযায়ী যথাযথ মূল্যায়ন হয়েছে কিনা সেটি সুনিশ্চিত করতে প্রধান পরীক্ষক অবশ্যই প্রথম দিন প্রত্যেক পরীক্ষকের প্রথম পাঁচটি উত্তরপত্র ভালোভাবে দেখে নেবেন। যদি কোনো মতপার্থক্য থাকে তাহলে আলোচনার মাধ্যমে তা দূরীভূত করে সহমত হতে হবে। প্রত্যেক পরীক্ষকের দ্বারা মূল্যায়িত উত্তরপত্রে মূল্যায়ন পদ্ধতিতে কোনো ভিন্নতা নেই— এই বিষয়টি সুনিশ্চিত করার পরই অবশিষ্ট উত্তরপত্র মূল্যায়ন করতে দেওয়া হবে।

6	**Evaluators will mark (√) wherever answer is correct. For wrong answer cross 'X' be marked. Evaluators will not put right (✓) while evaluating which gives an impression that answer is correct and no marks are awarded. This is most common mistake which evaluators are committing.** পরীক্ষক সঠিক উত্তরে (✔) চিহ্ন দেবেন। ভুল উত্তরে (✕) চিহ্ন অঙ্কিত করা হবে। পরীক্ষক উত্তরপত্রে এমন কোনো ✔ চিহ্ন দেবেন না যাতে এই ধারণা হয় যে উত্তরটি সঠিক অথচ তা মূল্যায়িত হয়নি। এই সাধারণ ভুলটি পরীক্ষকরা প্রায়শই করে থাকেন।
7	**If a question has parts, please award marks on the right-hand side for each part. Marks awarded for different parts of the question should then be totaled up and written in the left-hand margin and encircled. This may be followed strictly.** যদি কোনো প্রশ্নে একাধিক বিভাগ থাকে অনুগ্রহ করে প্রতিটি বিভাগের জন্য ডানদিকে প্রদত্ত নম্বর দিন। প্রতিটি বিভাগে প্রাপ্ত নম্বরগুলি যোগ করে বামদিকের মার্জিনের ধারে পূর্ণ নম্বরটি বৃত্তের মধ্যে দিতে হবে। এই নিয়মটি কঠোরভাবে অনুসরণযোগ্য।
8	**If a question does not have any parts, marks must be awarded in the left-hand margin and encircled. This may also be followed strictly.** যদি কোনো প্রশ্নে বিভাগ না থাকে তাহলে বামদিকে মার্জিনের ধারে ঐ প্রশ্নে প্রাপ্ত পূর্ণ নম্বরটি বৃত্তের মধ্যে দিতে হবে। এই নিয়মটি কঠোরভাবে অনুসরণযোগ্য।
9	**If a student has attempted an extra question, answer of the question deserving more marks should be retained and the other answer scored out with a note "Extra Question".** যদি কোনো পরীক্ষার্থী অতিরিক্ত প্রশ্নের উত্তর লিখে থাকে তাহলে অপেক্ষাকৃত বেশি নম্বর প্রাপ্ত উত্তরটি গ্রাহ্য হবে এবং অপেক্ষাকৃত কম নম্বরপ্রাপ্ত উত্তরটির ক্ষেত্রে 'অতিরিক্ত উত্তর' **(Extra Question)** লিখে দিতে হবে।
10	**No marks to be deducted for the cumulative effect of an error. It should be penalized only once.**

	উত্তরে কোনো ভুলের পুনরাবৃত্তি হলে তার জন্য মাত্র একবারই নম্বর কাটা হবে। একই ভুলের জন্য একাধিকবার নম্বর কাটা যাবে না।
11	**A full scale of marks _____(example 0 to 80/70/60/50/40/30 marks as given in Question Paper) has to be used. Please do not hesitate to award full marks if the answer deserves it.** প্রশ্নপত্রে প্রদত্ত পূর্ণমানের কাঠামোটি (উদাহরণ স্বরূপ: **0—80/70/60/50/40/30**) যথাযথভাবে অনুসরণ করতে হবে। উত্তরের যাথার্থ্য অনুসারে পূর্ণমান প্রদান করতে পরীক্ষক দ্বিধাগ্রস্ত হবেন না।
12	**Every examiner has to necessarily do evaluation work for full working hours i.e., 8 hours every day and evaluate 20 answer books per day in main subjects and 25 answer books per day in other subjects (Details are given in Spot Guidelines).This is in view of the reduced syllabus and number of questions in question paper.** প্রত্যেক পরীক্ষককে আবশ্যিকভাবে একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে (উদাহরণ স্বরূপ: প্রতিদিন ৮ ঘন্টা) মূল্যায়নের কাজ করতে হবে। মূল বিষয়ের ক্ষেত্রে প্রতিদিন 20টি এবং অন্যান্য বিষয়ের ক্ষেত্রে প্রতিদিন 25টি উত্তরপত্র মূল্যায়ন করতে হবে। (বিশদ বিবরণ **Spot Guidelines** এ উল্লিখিত থাকবে।) প্রশ্নপত্রে পাঠ্যসূচি ও প্রশ্নের সংখ্যা কমে যাওয়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
13	**Ensure that you do not make the following common types of errors committed by the Examiner in the past:-** • **Leaving answer or part thereof unassessed in an answer book.** • **Giving more marks for an answer than assigned to it.** • **Wrong totaling of marks awarded on an answer.** • **Wrong transfer of marks from the inside pages of the answer book to the title page.** • **Wrong question wise totaling on the title page.** • **Wrong totaling of marks of the two columns on the title page.** • **Wrong grand total.** • **Marks in words and figures not tallying/not same.** • **Wrong transfer of marks from the answer book to online award list.**

	• **Answers marked as correct, but marks not awarded. (Ensure that the right tick mark is correctly and clearly indicated. It should merely be a line. Same is with the X for incorrect answer.)** • **Half or a part of answer marked correct and the rest as wrong,but no marks awarded.** অতীতে পরীক্ষকের দ্বারা সংঘটিত নিম্নলিখিত ত্রুটিগুলির যাতে পুনরাবৃত্তি না হয় সেটি আপনি/ আপনারা নিশ্চিত করবেন। ত্রুটিগুলি নিম্নরূপ: • অসংশোধিত বা আংশিক সংশোধিত উত্তর এবং তার কারণে উত্তরটির মূল্যায়ন না করা। • প্রদত্ত মানের থেকে অতিরিক্ত নম্বর প্রদান। • কোনো একটি উত্তরে ত্রুটিপূর্ণ বা ভুল মোট প্রাপ্ত নম্বর প্রদান। • উত্তরপত্রের ভিতরের পৃষ্ঠায় প্রদত্ত নম্বর ভুলভাবে প্রথম পৃষ্ঠায় উপস্থাপন। • প্রথম পৃষ্ঠায় প্রশ্নানুসারী মোট প্রাপ্ত নম্বর ভুল লেখা। • উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় দু'টি সারিতে প্রদত্ত নম্বরের মোট যোগফলে ভুল করা। • উত্তরপত্রে মোট প্রাপ্ত মানাঙ্কে ভুল করা। • শব্দ এবং সংখ্যায় লিখিত মানের মধ্যে অসঙ্গতি। • উত্তরপত্রে প্রাপ্ত নম্বর **online award list** এ ভুলভাবে উপস্থাপন। • উত্তরটি সঠিক বলে চিহ্নিত করা হয়েছে অথচ মূল্যায়ন করা হয়নি। (সঠিক এবং স্পষ্টভাবে [✔] চিহ্ন দেওয়া হয়েছে তা নিশ্চিতকরণ। ভুল উত্তরেও অনুরূপভাবে [✕] চিহ্ন প্রদান।) • কোনো একটি উত্তর আংশিকভাবে শুদ্ধ বলে চিহ্নিতকরণ কিন্তু বাকি অংশ অশুদ্ধ হওয়ার কারণে কোনো নম্বর প্রদান না করা।
14	**While evaluating the answer books if the answer is found to be totally incorrect, it should be marked as cross (X) and awarded zero(0)Marks.** মূল্যায়নের সময় সম্পূর্ণ ভুল উত্তরের ক্ষেত্রে (✕) চিহ্নিতকরণ এবং **0 (zero)** প্রদান করা হবে।
15	**Any unassessed portion, non-carrying over of marks to the title page, or totaling error detected by the candidate shall damage the prestige of all the personnel engaged in the evaluation work as also of the Board. Hence, in order to uphold the prestige of all concerned, it is again reiterated that the instructions be followed meticulously and judiciously.**

	অমূল্যায়িত অংশ, প্রথম পৃষ্ঠায় নম্বর প্রদান না করা বা যোগফলে ভুল—এই বিষয়গুলি যদি কোনো পরীক্ষার্থীর দ্বারা চিহ্নিত করা হয় তবে তা মূল্যায়ন পদ্ধতির সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তি বা বোর্ডের পক্ষে অসম্মানজনক। সুতরাং সংশ্লিষ্ট সকলের সম্মান রক্ষার্থে এই বিষয়টি আবার মনে করিয়ে দেওয়া হচ্ছে যে, নির্দেশাবলী যেন ন্যায়নিষ্ঠভাবে এবং বিচক্ষণতার সঙ্গে অনুসরণ করা হয়।
16	**The Examiners should acquaint themselves with the guidelines given in the 'Guidelines for spot Evaluaton' before starting the actual evaluation.** প্রকৃত মূল্যায়ন শুরুর আগে '**Spot Evaluation**' সম্পর্কিত প্রদত্ত নির্দেশিকা সম্পর্কে পরীক্ষককে সম্পূর্ণ অবগত থাকতে হবে।
17	**Every Examiner shall also ensure that all the answers are evaluated, marks carried over to the title page, correctly totaled and written in figures and words.** প্রত্যেক পরীক্ষক এই বিষয়টি সুনিশ্চিত করবেন যে, উত্তরগুলি যথাযথভাবে মূল্যায়িত, প্রাপ্ত নম্বর সঠিকভাবে প্রথম পৃষ্ঠায় উপস্থাপিত এবং মোট প্রাপ্ত নম্বরের যোগফল সঠিকভাবে শব্দ ও সংখ্যায় লিখিত হয়েছে।
18	**The candidates are entitled to obtain photocopy of the Answer Book on request on payment of the prescribed processing fee. All Examiners/Additional Head Examiners/Head Examiners are once again reminded that they must ensure that evaluation is carried out strictly as per value points for each answer as given in the Marking Scheme.** পরীক্ষার্থীরা আবেদনের দ্বারা নির্ধারিত প্রক্রিয়াকরণ অর্থমূল্য **(Processing Fee)** প্রদানের মাধ্যমে উত্তরপত্রের প্রতিলিপি পাবার অধিকারী। এই কারণে সমস্ত পরীক্ষক/অতিরিক্ত প্রধান পরীক্ষক/প্রধান পরীক্ষককে পুনরায় অবগত করা হচ্ছে যে তাঁরা যেন উত্তরপত্রের প্রতিটি উত্তর অব্যতিক্রমীরূপে **Marking scheme** এ প্রস্তাবিত **Value point** অনুযায়ী মূল্যায়ন করা হয়েছে— সে ব্যাপারে অবশ্য সুনিশ্চিত থাকেন।

Marking Scheme
Class – X (2025 – 2026)
Subject – Bengali (Code No. 005)

সময়—৩ ঘন্টা | সর্বমোট অঙ্ক—৮০

Time – 3 hours | **Maximum Marks – 80**

		Part I: Objective Type Questions (MCQ)	
Section	**Question No.**	**Expected Answers/Value Points**	**Distribution Of Marks**
SECTION- A (Unseen Comprehension)	**1.**	বোধপরীক্ষণ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ)। প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর-1।	**3X(4X1) =12**
	A. (I) (II) (III) (IV)	 **(B)** দিদির বাড়িতে বেড়াতে **(B)** কারণ (ক) ভুল, (খ) ঠিক। **(C)** সন্ধ্যে **(D)** জেদী	**4X1=4**
	B. (I) (II) (III)	 **(B)** অভিনয় করা। **(C)** বিবৃতি-১ এবং ২ দুটোই ঠিক। **(A)** তিনি ফিল্মে অভিনয় করার প্রস্তাব পেলেন।	**4X1=4**

	(IV)	**(B)** ভয়ম্ +কর	
	C. (I) (II) (III) (IV)	 (A) যুবসমাজ। (A) বিবৃতি-১ ভুল, বিবৃতি ২ ঠিক। (D) আত্মদানের আনন্দে। (B) ফুটিয়ে।	**4X1=4**
SECTION - B		**(GRAMMAR) MCQ**	
	Question No. 2 (I) (II) (III)	প্রদত্ত বিকল্পগুলির থেকে সাধু/চলিত রূপান্তরের সঠিক উত্তরটি নির্বাচন করতে হবে। পাঁচটির মধ্যে যে কোনো তিনটির সঠিক উত্তর নির্বাচন করতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য নির্ধারিত মান - 1 নম্বর। (B) যাহার যাহা দাবি তাহাকে তাহা পাইতে দাও । (C) তার এতবড় স্বার্থত্যাগ আমি মানুষের দেহ ধরে ভুলে যাই কেমন করে? (A) কিন্তু কেবল চাহিলেই তো মিলে না, পাইবার উপায় করিতে হয়।	**3x1=3**

	(IV) (V)	(D) কিন্তু ব্যাপার উত্তরোত্তর এমন হয়ে উঠল যে, তার আর সাহসে কুলাল না। (A) বাড়ি থেকে কারও চিঠি পাওয়ামাত্র তাঁকে দেখাতাম।	
SECTION - C		**(MAIN COURSE BOOK) MCQ**	
	Question No. 3	গদ্য থেকে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে লিখতে হবে। <u>আটটির</u> মধ্যে যে কোনো <u>ছ'টির</u> সঠিক উত্তর নির্বাচন করতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য নির্ধারিত মান -1 নম্বর।	**6x1=6**
	(I)	(C) সে আর অন্যের দয়ায় গল্প ছাপাতে যাবে না।	
	(II)	(A) তাঁর চুল দাড়ির।	
	(III)	(C) আনন্দ দিয়ে ।	
	(IV)	(B) অমৃতের ও ইসাবের।	
	(V)	(B) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক।	
	(VI)	(C) তাঁর স্নেহের পরিধি প্রাণীজগৎ ছাড়িয়ে জড়বস্তু পর্যন্ত বিস্তৃত ছিল।	

	(VII) (VIII)	(A) লেখক মেসো। (B) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক।	
		(SUPPLEMENTARY READER/NON-DETAILED TEXT) MCQ	
	Question No. 4

		GRAMMAR (SUBJECTIVE)	
	Question No. 5	সন্ধিবদ্ধ করা বা সন্ধিবিচ্ছেদের ক্ষেত্রে প্রতিটি সঠিক উত্তরের জন্য নির্ধারিত মান -1 নম্বর। সন্ধিবিচ্ছেদের ক্ষেত্রে পাঁচটির মধ্যে যেকোনও দু'টির উত্তর লিখতে হবে। সন্ধিবদ্ধ করার ক্ষেত্রে চারটির মধ্যে যেকোনও দু'টির উত্তর লিখতে হবে। উত্তর : **5A** যথাক্রমে : মুখচ্ছবি = মুখ + ছবি তদনুযায়ী = তৎ + অনুযায়ী সন্ন্যাসী = সম্ + ন্যাসী নিশ্চয় = নিঃ + চয় ভাস্কর = ভাঃ + কর উত্তর : **5B** যথাক্রমে : ভ্রাতুঃ + পুত্র = ভ্রাতুষ্পুত্র সম্ + বাদ = সংবাদ জগৎ + নাথ = জগন্নাথ মনঃ + তাপ = মনস্তাপ	**2X1=2** **2X1=2**
	Question No. 6	রেখাঙ্কিত পদের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয়ের ক্ষেত্রে ব্যাসবাক্য এবং সমাসের নাম সঠিক লিখতে পারলে **1 (0.5 + 0.5)** নম্বর প্রাপ্য। সমাসের নাম সঠিক অথচ ব্যাসবাক্য ভুল হলে অথবা সমাসের নাম ভুল অথচ ব্যাসবাক্য সঠিক হলে **0.5** নম্বর দেওয়া হবে।	**3X1=3**

			[উপশ্রেণির নাম লেখা আবশ্যিক নয়। বিভক্তিসূচক পদের উল্লেখ না থাকলেও নম্বর দেওয়া হবে।] পাঁচটির মধ্যে যেকোনও তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে। উত্তরঃ **(I)** ভিক্ষান্ন = ভিক্ষা লব্ধ অন্ন – মধ্যপদলোপী কর্মধারয় সমাস/ কর্মধারয় সমাস। **(II)** অগ্রপশ্চাৎ = অগ্র ও পশ্চাৎ - দ্বন্দ্ব সমাস। **(III)** কাজলকালো = কাজলের ন্যায় কালো – উপমান কর্মধারয় সমাস/ কর্মধারয় সমাস। **(IV)** উপদ্বীপের – দ্বীপের সদৃশ – অব্যয়ীভাব সমাস, সেটির। **(V)** নির্বিঘ্নে = বিঘ্নের অভাব – অব্যয়ীভাব সমাস, তাতে।	
		Question No. 7	নির্দেশানুসারে বাক্যের সঠিক রূপান্তর করলে 1 নম্বর। পাঁচটির মধ্যে যেকোনও তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে। উত্তরঃ	**3X1=3**

		(I) ভাবিয়া চিন্তিয়া কাজ করিলে দুঃখ পাইবে না। **(II)** যদিও রঙ তার কালো তবুও দেখতে (সে) সুপুরুষ। **(III)** অপরাধ করিয়াছ, তাই/ অতএব/ সুতরাং শাস্তি পাইবেই। **(IV)** তিনি ক্রুদ্ধ হলেও / হইলেও সেই ক্রোধ অধিকক্ষণ থাকে না। **(V)** অসুস্থ ছিলাম, তাই / সেই কারণে গতকাল অনুপস্থিত ছিলাম।	
SECTION - C		**(MAIN COURSE BOOK & SUPPLEMENTARY READER / NON–DETAILED TEXT)**	
	Question No. 8	**<u>উত্তর সংকেতঃ</u>** • বনফুল রচিত 'আলোবাবু' গল্পে যে হাসপাতালের আউটডোরে আলোবাবু কাজে নিযুক্ত হয়েছিলেন, সেখানকার এক রোগীর ক্ষতের উপশম কিছুতেই হচ্ছিল না। • আলোবাবুকে একটি ওষুধ দেখিয়ে তিনি সেটি তার ক্ষতে লাগিয়ে দিতে বলেন।	**1X2=2**

		• পূর্বাপর চিন্তা না করে আলোবাবু ওষুধ ভেবে বিপজ্জনক কার্বলিক অ্যাসিড রোগীর ক্ষতস্থানে ঢেলে দেন। • তার এই অবিবেচনাপ্রসূত কাজে বিরক্ত ও ক্রুদ্ধ ডাক্তারবাবু তাকে হাসপাতালের কাজ থেকে বরখাস্ত করেন। [পাঠ্যাংশ অনুসরণে সম্পূর্ণ উত্তর লিখলে 2 নম্বর প্রাপ্য।]	
	Question No. 9	পাঠ্য গদ্য থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন: **a)** "বুকের রক্ত ছলকে ওঠে তপনের" -- <u>উত্তর সংকেতঃ</u> **a)** • আশাপূর্ণা দেবী রচিত 'জ্ঞানচক্ষু' গল্পে তপন তার লেখা গল্পটি উত্তেজনার আতিশয্যে ছোটমাসিকে দেখালে তিনি তার লেখক স্বামীকে গল্পটি পত্রিকায় ছাপিয়ে দিতে অনুরোধ করেন। • সামান্য পরিমার্জন ক'রে ছোটমেসো গল্পটি সন্ধ্যাতারা পত্রিকায় ছাপিয়ে দেবার প্রতিশ্রুতি দেন। প্রতিষ্ঠিত লেখকের কাছ থেকে স্বীকৃতি পেয়ে তপনের প্রত্যাশা বাড়তে	**3**

				থাকে—শুরু হয় প্রতীক্ষার প্রহর গোনা। • অবশেষে দীর্ঘ প্রতীক্ষার অবসান হয় - ছোটমেসো ও মাসি সন্ধ্যাতারা পত্রিকা নিয়ে একদিন তাদের বাড়ি আসেন। [এই পর্যন্ত লিখলেই 2 নম্বর প্রাপ্য।] • দীর্ঘলালিত স্বপ্ন সত্য হবার সম্ভাবনায় এবং চাপা আবেগ ও উত্তেজনায় বুকের রক্ত ছলকে ওঠে তপনের। • সত্যিকার ছাপার অক্ষরে তার লেখা হাজার হাজার ছেলের হাতে ঘুরবে, এই অবিশ্বাস্য ঘটনা সত্যি হবে মনে ক'রে তপনের মন দোলায়িত হয়। [পাঠ্যাংশ অনুসরণে সম্পূর্ণ উত্তর লিখলে 3 নম্বর প্রাপ্য।]	
				b) "বাঃ, এতো বেশ মজার ব্যাপার" -- <u>উত্তর সংকেতঃ</u> • সুবোধ ঘোষ রচিত 'বহুরূপী' গল্পে মন্তব্যটি হরিদার। [শুধু হরিদার নাম লিখলে 1 নম্বর প্রাপ্য।] • জগদীশ বাবুর বাড়িতে আগত সন্ন্যাসী সকলের কাছে খুব উঁচু দরের সন্ন্যাসী বলে স্বীকৃতি পেয়েছিলেন। লোকশ্রুতি	**3**

		অনুযায়ী, হিমালয়ের এক গুহাতে তিনি থাকেন, একটিমাত্র হরীতকী খান ও তাঁর বয়স হাজার বছরের বেশি। • সন্ন্যাসীরা সাধারণতঃ জগতের সকল ভোগ-বাসনার ঊর্ধ্বে থাকেন কিন্তু এই 'মহাপুরুষটি' আবার জগদীশবাবুর দেওয়া সোনার বোল লাগানো খড়মের দিকে পা বাড়িয়ে দেন। • জগদীশবাবু ছাড়া আর কাউকে নাকি তিনি পায়ের ধুলো নিতে দেননি। • সন্ন্যাসধর্ম ও তাঁর কাজের অসামঞ্জস্যই এখানে হরিদার কাছে মজার ব্যাপার বলে মনে হয়েছিল - সাধারণ মানুষ না বুঝলেও হরিদার কাছে এই ভণ্ডামীর বিষয়টি গোপন থাকেনি। [এই মর্মে সম্পূর্ণ উত্তর লিখলে সর্বোচ্চ 3 নম্বর প্রাপ্য।]	
	Question No. 10	পাঠ্য গদ্য থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন। "মোটা মতন কিছু আদায় করে নেব" --- <u>উত্তর সংকেতঃ</u> a) সুবোধ ঘোষ রচিত 'বহুরূপী' গল্পে হরিদা, জগদীশ বাবুর কাছ থেকে কিছু আদায় করার কথা ভেবেছে।	**2+3=5**

				[এই অংশের জন্য সর্বোচ্চ 2 নম্বর প্রাপ্য।] b) • হরিদা একজন দক্ষ বহুরূপী - বহুরূপের খেলা দেখিয়ে তার জীবন ও জীবিকা নির্বাহ হয়। • কখনো কাপালিক, কখনো পাগল, কখনো পুলিশ, কখনো বা বাইজি সেজে তিনি পথে বের হন। • কিন্তু একদিনের রোজগারে সাত দিনের পেট চলে না - সারাদিন ঘুরেও দু'-তিন টাকার বেশি রোজগার হয় না। • অন্যদিকে জগদীশবাবুর বাড়িতে আগত এক ভণ্ড সন্ন্যাসী অনায়াসে মিথ্যা অভিনয় দেখিয়ে অনেক বেশি রোজগার করেন – যথার্থ শিল্পের সমাদর না হওয়ায় হয়তো কিছুটা হতাশই হন হরিদা। • তাই কাঙালের মতো হাত পেতে বকশিশ নয় বরং 'মোটা মতন কিছু আদায়' করে নেবার কথা ভাবেন। [এই মর্মে উত্তর লিখলে সর্বোচ্চ 3 নম্বর প্রাপ্য।]	

				অথবা/OR "ওরা ভয়ে কাঠ হয়ে গেল।" --- উত্তর সংকেতঃ a) পান্নালাল প্যাটেলের লেখা 'অদল বদল' গল্পে অমৃত, বন্ধু ইসাবের জামার পকেট এবং ছ'-ইঞ্চি পরিমাণ কাপড় ছিঁড়ে গিয়েছে দেখে ভয়ে কাঠ হয়ে গিয়েছিল। [এই মর্মে উত্তর লিখলে সর্বোচ্চ 2 নম্বর প্রাপ্য।] b). • হোলির দিনের পড়ন্ত বিকেলে একই রকম জামা প'রে অমৃত ও ইসাব বেরিয়েছিল। কালিয়া ও তার দলবল তাদের কুস্তি লড়তে প্ররোচিত করে। • অমৃত রাজি না হলেও কালিয়া তাকে ছুঁড়ে মাটিতে ফেলে দিলে ইসাব বন্ধুর হেনস্থায় ভয়ংকর ক্রুদ্ধ হয়। কালিয়াকে ল্যাঙ মারলে সে ব্যাঙের মতো মাটিতে পড়ে চিৎকার করতে থাকে। • বিষয়টি ক্রমশ জটিল হয়ে পড়ায় সবাই রণভূমি ত্যাগ করে।	

		• ইসাবের নতুন জামা ছিঁড়ে যাওয়ায় তারা ভীত হয়ে পড়ে। • কারণ সুদখোরের কাছ থেকে টাকা ধার ক'রে ইসাবের বাবা যে জামাটি তৈরি করিয়েছিলেন সেটিকে ছেঁড়া অবস্থায় দেখলে তিনি তাকে প্রচণ্ড মারধর করবেন। • আর্থিক অসচ্ছলতা এবং মা না থাকার কারণে সংসারের সব দায়িত্ব একা বহন করতে গিয়ে অল্পতেই মেজাজ হারাতেন ইসাবের বাবা। [এই মর্মে উত্তর লিখলে সর্বোচ্চ 3 নম্বর প্রাপ্য।]	
	Question No. 11	পাঠ্য কবিতা থেকে সপ্রসঙ্গ ব্যাখ্যা। <u>উত্তর সংকেতঃ</u> 'আমাদের শিশুদের শব ছড়ানো রয়েছে কাছে দূরে।'-- • উৎস - শঙ্খ ঘোষ রচিত 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতা। • প্রসঙ্গ – যুদ্ধদীর্ণ পৃথিবীতে সাধারণ মানুষের বিপন্নতা ও অসহায়তার চিত্র তুলে ধরা হয়েছে এই কবিতায়। স্বৈরাচারী শক্তির ক্ষমতা বিস্তারের লড়াইয়ে বলি হয় সাধারণ মানুষ এবং ভাবী	**1X5=5**

				প্রজন্ম - এই প্রসঙ্গে উদ্ধৃত পংক্তির অবতারণা। • ব্যাখ্যা — সাম্রাজ্যবাদী শক্তির আগ্রাসনে, যুদ্ধের ভয়াবহতায় মানুষের জীবনের পথ অতি বিপদসংকুল, মৃত্যু বিভীষিকাময় - যা থেকে পরিত্রাণের পথ নেই, নেই নিশ্চিন্ত নিরাপদ আশ্রয়। যুদ্ধের মারণলীলায় রেহাই পায়নি শিশুরাও - চতুর্দিকে ছড়িয়ে থাকা ভাবীপ্রজন্মের শবদেহ সভ্যতাকে প্রশ্নচিহ্নের সামনে দাঁড় করিয়েছে। কারণ তাদের মৃত্যু মানে যে জাতির আশা-ভরসা ভবিষ্যতের অপমৃত্যু - তাই কবি হতাশ। [সূত্র নির্ভুল হলে - 1 নম্বর প্রসঙ্গ উল্লেখ করলে – 1 নম্বর ব্যাখ্যার জন্য – 3 নম্বর। নিজের ভাষায় পংক্তিটি যথাযথ বিশ্লেষণ করতে পারলেই সর্বোচ্চ 3 নম্বর প্রাপ্য।] **<u>অথবা/OR</u>** “সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব” --	

				<u>উত্তর সংকেতঃ</u> • উৎস - শক্তি চট্টোপাধ্যায় রচিত 'তিন পাহাড়ের কোলে' কবিতা। • প্রসঙ্গ - তিন পাহাড়ের উন্মুক্ত প্রকৃতির মাঝে দাঁড়িয়ে গতানুগতিক নাগরিক জীবনের ক্লান্তি ও সীমাবদ্ধতা প্রসঙ্গে আলোচ্য উক্তি। • ব্যাখ্যা - তিনজন শহুরে ভ্রমণপিপাসু মানুষ শহরের গণ্ডিবদ্ধতা পেরিয়ে তিন পাহাড়ের প্রকৃতিলগ্ন পরিবেশে এসে মুক্তির আনন্দ অনুভব করেন। 'খাঁচা' বলতে কবি এখানে ইঁট-কাঠ-পাথরের জঙ্গলে আবদ্ধ যান্ত্রিক জীবনকে বুঝিয়েছেন। খাঁচায় বন্দি পাখি যেমন পরাধীন, তেমনি শহরের কৃত্রিম, গতানুগতিক, যান্ত্রিক জীবনে মানুষেরও স্বাধীনভাবে বাঁচার উপায় নেই। 'সহজ করে বাঁচা' বলতে কবি এখানে উদার উন্মুক্ত প্রকৃতির সান্নিধ্যে স্বাধীন, প্রাণবন্ত জীবন যাপনকে বুঝিয়েছেন। [সূত্র নির্ভুল হলে – 1 নম্বর প্রসঙ্গ উল্লেখ করলে – 1 নম্বর ব্যাখ্যার জন্য – 3 নম্বর। [নিজের ভাষায় পংক্তিটি যথাযথ বিশ্লেষণ করতে পারলেই সর্বোচ্চ 3 নম্বর প্রাপ্য।]	

	Question No. 12	পাঠ্য কবিতা থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন। "গান তো জানি একটা দু'টো আঁকড়ে ধরে সে খড়কুটো।" <u>উত্তর সংকেতঃ</u> a). জয় গোস্বামীর লেখা 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় হিংসাদীর্ণ পৃথিবী থেকে সব আঘাত, ধ্বংস এবং ঈর্ষার অবসান ঘটাতে পারে যে গান, মানবিকতা, ভালোবাসা আর বিশ্বাসের সেই গানের কথা বলা হয়েছে – যা দানবীয় শক্তিকে প্রতিরোধ ক'রে বাঁচার মন্ত্রে মানুষকে উজ্জীবিত করতে পারে। [মোটামুটি এই বক্তব্যটি নিজের ভাষায় বুঝিয়ে লিখতে পারলেই 2 নম্বর দেওয়া যেতে পারে।] **b)** • বিশ্বজুড়ে হিংসা, স্বৈরাচারী শাসকের দমন-পীড়ন-আগ্রাসন আজও অব্যাহত। • চারিদিকে নারকীয় তাণ্ডব এবং মানবতা ও মূল্যবোধের অবক্ষয়। • অন্ধকার থেকে উত্তরণের দিশা খুঁজতে মানবতার সঞ্জীবনী মন্ত্র উচ্চারণ কবির একমাত্র অবলম্বন।	**2+3=5**

				• ডুবন্ত মানুষ যেমন সামান্য তৃণখণ্ডকে আঁকড়ে ধরে আত্মরক্ষার মরিয়া চেষ্টা করে, কবি তেমনই দু'-একটি গানকে খড়কুটোর মত অবলম্বন ক'রে উদ্যত অস্ত্রের বিরুদ্ধে প্রতিবাদী হয়ে হিংসার অবসান ঘটাতে চান। [উপস্থাপনার মান অনুযায়ী সর্বোচ্চ 3 নম্বর প্রাপ্য।] **অথবা/OR** "জীবনের জন্য একসঙ্গে একাকারে ভরে নিই"-- **উত্তর সংকেত:** a) সুভাষ মুখোপাধ্যায়ের লেখা 'একাকারে' কবিতায় ভারতবর্ষের দুই বৃহৎ ধর্মসম্প্রদায় মানুষের অঞ্জলিবদ্ধ হাতে ঝরনা থেকে জীবনের জন্য প্রয়োজনীয় 'জল' বা 'পানি' ভরে নেবার কথা বলা হয়েছে। [মোটামুটি এই বক্তব্যটি নিজের ভাষায় বুঝিয়ে লিখতে পারলে 2 নম্বর দেওয়া যেতে পারে।]	

				b) • কবি সংকীর্ণ ধর্মীয় বিভেদের ঊর্ধ্বে উঠে হিন্দু-মুসলমান দুই সম্প্রদায়ের মধ্যে একতার মেলবন্ধনে বিশ্বাসী। • প্রকৃতির মধ্যেই রয়েছে জীবনমুখী ঐক্য ও মেলবন্ধনের পাঠ। জল সবার জন্য অবারিত ও জীবনদায়ী - সেই জলকে 'পানি' বা 'জল' যে নামেই অভিহিত করা হোক না কেন তার বস্তুধর্মের কোনও হেরফের হয় না। • কবি জানিয়েছেন ধর্ম ভিন্ন হলেও দু'জন তৃষ্ণার্ত মানুষ যখন নতজানু হয়ে ঝরনার জলে তৃষ্ণা নিবারণ করে তখন প্রকৃতি কোনও জাতের বিচার করে না। • ভাষাগত, ধর্মীয় রীতিনীতি বা সংস্কৃতিগত ভিন্নতার ঊর্ধ্বে প্রকৃতির সেই প্রাণসুধারসে সঞ্জীবিত হয় মানবজীবন – কবি সাম্প্রদায়িক বিভেদের ঊর্ধ্বে উঠে ভালোবাসা ও সম্প্রীতির সাঁকোবন্ধনে আগ্রহী। [উপস্থাপনার মান অনুযায়ী সর্বোচ্চ 3 নম্বর প্রাপ্য।]	

	Question No. 13	গল্পগুচ্ছ থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন: “ও ছেলেমানুষ, উহাকে মাপ করো” — <u>উত্তর সংকেতঃ</u> **(a)** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘দান প্রতিদান’ গল্পে ব্রজসুন্দরী, রাধামুকুন্দকে একথা বলেছেন। [এই অংশের উত্তরের জন্য 1+1 = 2 নম্বর প্রাপ্য।] (b) • রাসমণিকে উদ্দেশ্য ক’রে এখানে 'উহাকে' শব্দটির প্রয়োগ করা হয়েছে। • এনাৎশাহি পরগণা লাটের খাজনার দায়ে নিলাম হবার পরে রাধামুকুন্দের মোক্তারীর অর্থে তাদের সংসার প্রতিপালিত হচ্ছিল। • সম্ভবত রাসমণি এ বিষয়ে কিঞ্চিৎ অহংকার প্রকাশ করেছিল এবং বড়গিন্নির ইচ্ছার বিরুদ্ধাচরণ ক’রে নিজের মন মতো কাজ করেছিল। • ঘটনাটি জেনে অসন্তুষ্ট রাধামুকুন্দ রাসমণিকে	**2+3=5**

			পিতৃগৃহে পাঠাতে উদ্যত হলে ব্রজসুন্দরী জানায়, ছোটবউ তাদের সংসারে অল্প দিন মাত্র এসেছে। পরিবারে দীর্ঘদিন থাকার সুবাদে তার ও রাধামুকুন্দের পারস্পরিক সম্পর্কের মাধুর্য রাসমণির পক্ষে অনুধাবন করা সম্ভব নয়। • বয়স এবং অভিজ্ঞতা কম হওয়ার কারণেই সম্ভবত রাসমণির এই আচরণ - অতএব তাকে মার্জনা করে দেওয়া উচিত বলেই ব্রজসুন্দরীর মনে হয়েছে। [এই অংশের উত্তরের জন্য সর্বোচ্চ 3 নম্বর প্রাপ্য।]	
		Question No. 14	গল্পগুচ্ছ থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন: "এই নিতান্ত নিঃসঙ্গ প্রবাসে ঘন বর্ষায় রোগকাতর শরীরে একটুখানি সেবা পাইতে ইচ্ছা করে" -- <u>উত্তর সংকেতঃ</u> **(a)** • রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'পোস্টমাস্টার' গল্পে, পোস্টমাস্টার রোগাক্রান্ত হয়ে পড়েছিল।	**2+3=5**

				• উলাপুর গ্রামে পোস্টমাস্টার হিসেবে কর্মে নিযুক্ত হবার কিছুদিন পরে শ্রাবণের এক ঘনবর্ষায় সে রোগাক্রান্ত হয়ে পড়ে। [এই অংশের উত্তরের জন্য 1+1=2 নম্বর প্রাপ্য।] (b) • স্নেহময়ী জননীর মতোই পিতৃমাতৃহীনা রতন রোগগ্রস্ত পোস্টমাস্টারের সেবা-শুশ্রূষা করে তাকে সুস্থ করে তুলেছিল। • বৈদ্য ডেকে এনে চিকিৎসা করিয়েছিল। • তার নির্দেশ মতো যথাসময়ে বটিকা খাওয়ানো, পথ্য রেঁধে দেওয়া ছাড়াও সমস্ত রাত্রি শিয়রে জেগে বসে থাকতো । • সর্বোপরি প্রবল উৎকণ্ঠায় ব্যাকুল হয়ে রতন শতবার তার শারীরিক উন্নতির বিষয়ে খবর নিত। [এই অংশের উত্তরের জন্য সর্বোচ্চ 3 নম্বর প্রাপ্য।] **<u>অথবা/OR</u>** “তখন বুঝিতে পারিলাম সেও যে, আমিও সে,” ----	

				<u>উত্তর সংকেতঃ</u> (a) • রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'কাবুলিওয়ালা' গল্পে 'সে' বলতে রহমতকে / কাবুলিওয়ালা-কে বোঝানো হয়েছে। • 'আমি' বলতে, সম্ভ্রান্ত বংশীয় গল্পকথক / মিনির পিতা-কে বোঝানো হয়েছে। [এই অংশের উত্তরের জন্য **1+1=2** নম্বর প্রাপ্য।] b) • মিনির বিবাহের দিনে রহমত তার সঙ্গে দেখা করতে এলে মিনির বাবা জেল ফেরত আসামির সঙ্গে তাঁর মেয়েকে দেখা করতে দিতে চাননি। • উপহার স্বরূপ রহমতের আনা কিসমিসের দাম দিতে চাইলে রহমত তাঁকে জানায়, সুদূর আফগানিস্তানে তারও একটি মিনির বয়সী কন্যা আছে – সেই পর্বতবাসিনী কন্যার কথা ভেবে স্নেহের টানেই সে মিনির কাছে ছুটে আসে, ব্যবসা করতে নয়। • পরে সে তার ঢোলা জামার ভিতর থেকে সযত্নরক্ষিত মেয়ের ভুষা কালি মাখানো হাতের ছাপ দেওয়া কাগজটি দেখালে মিনির বাবা	

		রহমতের হৃদয়বেদনাকে উপলব্ধি করতে পারলেন। • বক্তার এই আত্মোপলব্ধির সূত্রেই রবীন্দ্রনাথ বোঝাতে চেয়েছেন, পিতৃহৃদয়ের অপত্য স্নেহের ধারা দেশ-কাল-জাতি-ধর্মের বেড়াজালে সীমায়িত নয়। পৃথিবীর যেকোনও প্রান্তে সন্তানের প্রতি পিতার স্নেহ যেন একই উৎস থেকে উৎসারিত। [এই অংশের উত্তরের জন্য সর্বোচ্চ 3 নম্বর প্রাপ্য।]	
SECTION - D		**CREATIVE WRITING**	
	Question No. 15	নির্ধারিত বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা (যে কোনও একটি) • প্রশ্নানুগ এবং যথাযথ বিষয় উপস্থাপনার জন্য 3 নম্বর বরাদ্দ। • আঙ্গিক ও ভাষাগত দক্ষতার জন্য 3 নম্বর বরাদ্দ। [উল্লিখিত শর্তপূরণে পূর্ণমান দেওয়া যেতে পারে।]	**1X6=6**
	Question No. 16	পত্ররচনা – সম্পাদকের প্রতি --- • অবয়ব সংস্থান :-	**1X6=6**

		উপযুক্ত সম্বোধন, পত্রিকার নাম ও ঠিকানা, বিষয় উল্লেখ, সমাপ্তিসূচকপদ ও ধন্যবাদজ্ঞাপন, প্রেরকের নাম, সংক্ষিপ্ত ঠিকানা ও তারিখ, প্রাপকের ঠিকানাসহ খাম – এই জরুরি বিষয়গুলির উল্লেখ থাকলে 3 নম্বর প্রাপ্য। • পত্রের অভ্যন্তরীণ বিষয় : বিষয়বস্তুর জন্য 3 নম্বর বরাদ্দ। বক্তব্য প্রশ্নানুগ হলে ন্যূনতম 2.5 নম্বর প্রাপ্য। উপস্থাপনা, প্রয়োগ ও ভাষাগত দক্ষতা অনুযায়ী সম্পূর্ণ 3 নম্বর প্রাপ্য। [প্রশ্নপত্রে প্রদত্ত (a) এবং (b)-এর মধ্যে যেকোনও একটি বিষয় নির্বাচন ক'রে পত্ররচনা করতে হবে। মূল্যায়নের সহায়ক উপরোক্ত নির্দেশ অনুযায়ী নম্বর প্রদান পরীক্ষকের বিবেচনাধীন।]	

****